দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 15 JUN 2017
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

মেডিক্যাল ভর্তি পরীক্ষা

# পাঁচ নম্বর কেটে নেওয়ার সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি

■ ইত্তেফাক রিপোর্ট

মেডিক্যাল ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের পাঁচ নম্বর কেটে নেওয়ার সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানানো হয়েছে।

'হয় অ্যাপ্রোন না হয় কাফন' শীর্ষক স্লোগানে গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত মানববন্ধন থেকে এ দাবি জানানো হয়। মেডিক্যাল ও ডেন্টাল ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণকারী শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা মানববন্ধনে অংশ নেন।

মানববন্ধনে পরীক্ষার্থীরা বলেন, মেডিক্যাল কলেজে চান্স পাওয়ার সম্ভাবনা খুব কম। কারণ প্রতিযোগিতা অনেক বেশি। মাত্র ০.২৫ নম্বরের জন্য একজন পরীক্ষার্থী অনেক পিছিয়ে পড়ে, সেখানে পাঁচ নম্বর কেটে নেওয়া হবে। পরীক্ষার তিনমাস আগে এমন সিদ্ধান্ত খুবই অযৌক্তিক। শিক্ষার্থীরা আরও বলেন, পাঁচ নম্বর কাটার ফলে আমরা ৭০ নম্বর পেলেও তা দাঁড়াবে ৬৫ নম্বরে। অন্যদিকে ৬৬ নম্বর পেয়ে যখন আর একজন চান্স পাবে তখন মেধার মূল্যায়ন কী হবে?

মানববন্ধন শেষে বাংলাদেশ সংবাদপত্র প্রতিনিধি সংস্থা'র সভাপতি আনিসুর রহমান আনিসের নেতৃত্বে পাঁচ সদস্যের একটি প্রতিনিধি দল সচিবালয়ে স্বাস্থ্যমন্ত্রীর হাতে দাবি সম্বলিত স্মারকলিপি প্রদান করেন।